**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 31.08.2026** **Desk in Charge : KL**

**Time: 1-40PM** **Edit. & Compile : Priya B.**

**DEO:- KB** **NRT : Priya B.**

*********************************************************************

SSC-র ২৬ হাজার চাকরি বাতিল মামলায় যোগ্য শিক্ষকদের চাকরির মেয়াদ, আগামী বছর ৩১শে মে পর্যন্ত বাড়িয়েছে সুপ্রিম কোর্ট। নিয়োগ প্রক্রিয়া এখনো সম্পন্ন না হওয়ায় রাজ্যের সময় বৃদ্ধির আবেদন মঞ্জুর করেছে শীর্ষ আদালত। এর আগে এই নিয়োগের জন্য ৩১শে অগাস্ট অর্থাৎ আজ পর্যন্ত সময়সীমা দেওয়া হয়েছিল। কিন্তু এই সময়ের মধ্যে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাচ্ছে না বলে সর্বোচ্চ আদালতের দ্বারস্থ হয় রাজ্য। বিচারপতি সঞ্জয় কুমার ও বিচারপতি সঞ্জীব সাচদেবার বেঞ্চ আজ স্পষ্ট জানিয়েছেন, এটিই সময়সীমা বৃদ্ধির শেষ নির্দেশ। এরপর আর কোনো অতিরিক্ত সময় দেওয়া হবে না।

উল্লেখ্য, নিয়োগে দুর্নীতির অভিযোগে স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের সম্পূর্ণ প্যানেল বাতিল ক'রে সুপ্রিম কোর্ট, নতুন করে নিয়োগ প্রক্রিয়া শুরু করার নির্দেশ দেন।

*****************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের রেয়াপাড়াতে প্রশাসনিক সভা থেকে 'আবাস যোজনা', 'আয়ুষ্মান ভারত' সহ বিভিন্ন সরকারী প্রকল্পের সুবিধা প্রাপকদের হাতে তুলে দিয়েছেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী নন্দীগ্রাম বিধানসভা এলাকায় একাধিক জনকল্যাণমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন।

তিনি বলেন, এই এলাকার মানুষের জন্য আজকের দিনটি বিশেষ গুরুত্বপূর্ণ। নন্দীগ্রামের ২'লক্ষ ৫০ হাজার মানুষ 'আয়ুষ্মান ভারত' কার্ড পাচ্ছেন। মুখ্যমন্ত্রী স্বাস্থ্য বীমা যোজনার সুবিধা পাবেন ৮৭ হাজার মানুষ। নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নতুন 'মাতৃমা বিল্ডিং'-এর সূচনা হয়েছে। রেয়াপাড়া স্বাস্থ্য কেন্দ্রে শয্যা সংখ্যা ৩০ থেকে বাড়িয়ে ৬০

করা হয়েছে। নন্দীগ্রামে সূচনা হয়েছে নতুন পুলিশ মর্গের। ৩২-টি রাস্তা নির্মাণ ও সংস্কারের কাজ চলছে। এখানকার ৬৭ হাজার মহিলার অ্যাকাউন্টে অন্নপূর্ণা যোজনার টাকা ঢুকেছে। মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য বিশেষ আর্থিক বরাদ্দের কথাও ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। কেন্দ্রীয় প্রকল্প 'বিকশিত ভারত জি-রাম জি'-র কাজের'ও আজ সূচনা হয়েছে। এর ফলে জব কার্ডধারীরা বছরে ১২৫ দিন কাজের সুযোগ পাবেন। পূর্বতন তৃণমূল কংগ্রেস সরকারের আমলে নন্দীগ্রামে একাধিক উন্নয়নমূলক প্রকল্পের কাজ থমকে ছিল বলে অভিযোগ করেন শ্রী অধিকারী।

( বাইট – মুখ্যমন্ত্রী )

*****************************

রাজ্য সরকার মেধার সঙ্গে কোনোরকম আপস করবে না বলে উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন। তিনি বলেন, জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের বিকেন্দ্রীভূত কাউন্সেলিং-নিয়ে ছাত্রছাত্রীদের মধ্যে কিছু আশঙ্কা তৈরি হয়েছিল। কিন্তু ইতমধ্যেই বোর্ডের তরফে সংশোধিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, যেসব ছাত্রছাত্রী কেন্দ্রীয়ভাবে অনলাইন কাউন্সেলিংয়ের মাধ্যমে কোন কলেজে ভর্তি হয়েছেন তারা ফের প্রতিষ্ঠান পরিবর্তনের সুযোগ পাবেন। একইসঙ্গে সরকার কলেজভিত্তিক ভর্তির নামে মেধা তালিকায় নাম না থাকা পড়ুয়াদের ভর্তিও নিয়ন্ত্রণে আনার ব্যাপারে সচেষ্ট।

উল্লেখ্য, এর আগে গত ২৭ তারিখ বোর্ডের তরফে জানানো হয়েছিল, ইঞ্জিনিয়ারিং, আর্কিটেচার ও ফার্মাসি কোর্সে যেসব পড়ুয়া ইতমধ্যেই কাউন্সিলিং-এর মাধ্যমে ভর্তি হয়ে গিয়েছেন, তারা আর বিকেন্দ্রীভূত কাউন্সেলিং-এ অংশ গ্রহণের সুযোগ পাবেন না। এরপর গতকাল সংশোধিত বিজ্ঞপ্তি প্রাকাশিত হয়।

বোর্ড-এর এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে 'সারা ভারত সেভ এডুকেশন কমিটি'।

যদিও কমিটির সম্পাদক অধ্যাপক তরুণ নস্করের অভিযোগ, বোর্ড বেসরকারি কলেজগুলিকে সুবিধা পাইয়ে দিতে এবং শিক্ষার বেসরকারিকরণকে উৎসাহিত করতে বদ্ধপরিকর।

*****************************

ভারত-বাংলাদেশের মধ্যে ৩০ বছরের গঙ্গা-পদ্মা জলবণ্টন চুক্তি পুনর্নবীকরণের আগে এরাজ্যের নদীগুলির প্রবাহ, বন্দর ও শিল্পের স্বার্থ যাতে কোনওভাবেই ক্ষতিগ্রস্ত না হয়, সেই দাবি জানিয়ে রাজ্য সরকার কেন্দ্রের কাছে প্রস্তাব পাঠিয়েছে। ওই চুক্তির মেয়াদ আগামী ডিসেম্বরে শেষ হচ্ছে। তার আগে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অভ্যন্তরীণ কমিটির বৈঠকে রাজ্য সরকারের প্রতিনিধিরা এ বিষয়ে বিস্তারিত রিপোর্টও জমা দিয়েছেন। চূড়ান্ত সিদ্ধান্তের আগে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের প্রশাসনিক স্তরে বিস্তারিত আলোচনা প্রয়োজন বলেও মনে করছে রাজ্য সরকার।

শুষ্ক মরশুমে ফরাক্কা ব্যারাজ হয়ে ভাগীরথী-হুগলি নদীতে পর্যাপ্ত জলপ্রবাহ বজায় রাখা অত্যন্ত জরুরি। জলপ্রবাহ কমে গেলে হুগলি নদীর নাব্যতা ক্ষতিগ্রস্ত হয়, যার প্রভাব পড়ে কলকাতার শ্যামাপ্রসাদ মুখার্জি বন্দরের জাহাজ চলাচলে। একই সঙ্গে রাজ্যে ভূগর্ভস্থ জলস্তর হ্রাস ও আর্সেনিক সমস্যার কারণে গঙ্গার জল পরিশোধন করে পানীয় জল এবং শিল্পক্ষেত্রেও ব্যবহার করা হচ্ছে। তাই নতুন জলচুক্তিতে পরিবেশগত ঝুঁকি, নদী ভাঙন রোধ এবং ভবিষ্যতের জল চাহিদার বিষয়গুলিকে বিশেষ গুরুত্ব দেওয়ার আর্জি জানিয়েছে রাজ্য।

****************************

নেপালে হড়পা বান বিপর্যয়ের পর আজ বাড়ি ফিরেছেন, হুগলীর উত্তরপাড়ার বাসিন্দা, অবসরপ্রাপ্ত শিক্ষিকা অঞ্জনা সান্যাল। কলকাতার একটি ভ্রমণ সংস্থার সঙ্গে কৈলাশ মানস সরোবর গিয়েছিলেন তিনি। এদিকে, নেপালে এই ভয়াবহ প্রাকৃতিক বিপর্যয়ে এখনো পর্যন্ত ৯০৩ জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। নিখোঁজ চার হাজারের’ও বেশী।

****************************

মালদার ইংরেজবাজার ব্লকের, মিল্কি গ্রাম পঞ্চায়েতের খাসকল গ্রামে ঢোকার একমাত্র রাস্তা গঙ্গা ভাঙনের কবলে। ইতিমধ্যেই নদীতে তলিয়ে গেছে রাস্তার বেশ কিছু অংশ। শতাধিক মানুষ খাসকল হাইস্কুলে আশ্রয় নিয়েছে। বিগত কয়েক বছরে পাঁচ কিলোমিটার এলাকা গঙ্গায় তলিয়ে গেছে। সেচ ও জলপথ মন্ত্রী জোয়েল মুর্মু বলেছেন, ভাঙনের পরিস্থিতির ওপর নজরদারি চলছে।

জেলা সেচ দফতর সূত্রে খবর, মানিকচক ঘাটে বর্তমানে গঙ্গার জলস্তর বিপদসীমা অতিক্রম করেছে।

****************************

অবৈধ ও অনুমতি ব্যতীত খনিজ পরিবহন প্রতিরোধ করতে রাজ্য সরকার, ক্ষুদ্র খনিজ পরিবহনের সঙ্গে যুক্ত সব যানবাহনে আবশ্যিকভাবে ভেহিকল লোকেশন ট্র্যাকিং ডিভাইস লাগানোর সিদ্ধান্ত নিয়েছে। এর ফলে দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলি নজরদারি ও কার্যকরী ক্ষমতা বৃদ্ধির সঙ্গে খনিজ পরিবহনের অনুমতি পত্রে লিখিত শর্তাবলী সঠিকভাবে পালন নিশ্চিত করতে পারবে। রাজস্ব ক্ষতি আটকাতেই এই পদক্ষেপ।

****************************

সুস্পষ্ট নিম্নচাপ এবং সক্রিয় মৌসুমি অক্ষরেখার প্রভাবে আজ এবং আগামীকাল গাঙ্গেয় পশ্চিমবঙ্গে হালকা থেকে মাঝারি এবং কোথাও কোথাও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। সকাল থেকেই কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, হাওড়া, হুগলি ও নদীয়া জেলা থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হওয়ার খবর পাওয়া গেছে। গত ২৪ ঘন্টায় দক্ষিণবঙ্গের সব থেকে বৃষ্টি রেকর্ড করা হয়েছে পূর্ব মেদিনীপুরের দিঘাতে প্রায় ৭৫ মিলিমিটার।

এদিকে, উত্তরবঙ্গের হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। গত ২৪ ঘন্টায় উত্তরবঙ্গের সবথেকে বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে কালিম্পং এর ঝালং এ ১১০ মিলিমিটারের বেশি।

*****************************************************************************